# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৪৯

১৬. জিহাদ অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৯. শহীদগণের রূহসমূহ

باب في أرواح الشهداء

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ عَنْ شُعْبَةَ عَنْ سُلَيْمَانَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُرَّةَ عَنْ مَسْرُوقٍ قَالَ سَأَلْنَا عَبْدَ اللَّهِ عَنْ أَرْوَاحِ الشُّهَدَاءِ وَلَوْلَا عَبْدُ اللَّهِ لَمْ يُحَدِّثْنَا أَحَدٌ قَالَ أَرْوَاحُ الشُّهَدَاءِ عِنْدَ اللَّهِ يَوْمَ الْقِيَامَةِ فِي حَوَاصِلِ طَيْرٍ خُضْرٍ لَهَا قَنَادِيلُ مُعَلَّقَةٌ بِالْعَرْشِ تَسْرَحُ فِي أَيِّ الْجَنَّةِ شَاءُوا ثُمَّ تَرْجِعُ إِلَى قَنَادِيلِهَا فَيُشْرِفُ عَلَيْهِمْ رَبُّهُمْ فَيَقُولُ أَلَكُمْ حَاجَةٌ تُرِيدُونَ شَيْئًا فَيَقُولُونَ لَا إِلَّا أَنْ نَرْجِعَ إِلَى الدُّنْيَا فَنُقْتَلَ مَرَّةً أُخْرَى

বাংলা

২৪৪৯. মাসরুক (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমরা আবদুল্লাহ্ ইবন মাসঊদ রাদিয়াল্লাহু আনহু-কে শহীদদের রূহগুলি সম্পর্কে জিজ্ঞাসা করলাম, যদিও তিনি আমাদেরকে কাউকে কোনো হাদীস বর্ণনা করতেন না। তিনি বললেন: শহীদদের রূহগুলি কিয়ামতের দিন আল্লাহর নিকটবর্তী স্থানে সবুজ পাখির পেটের ভিতর অবস্থান করবে, যাদের জন্য আরশের সাথে ঝুলন্ত অনেকগুলো বাতি থাকবে। সে পাখি যেকোনো জান্নাতে ইচ্ছামত উড়ে বেড়াবে এবং তারা (আরশের সঙ্গে লটকানো) ঝাড়ে ফিরে আসবে। তাদের রব একবার তাদের সম্মুখে আবির্ভূত হয়ে বলবেন: “তোমাদের আরো কোন প্রয়োজন আছে কি? তোমরা কি কোনো কিছুর আকাংখা কর?” তখন তারা বলবে: না। তবে আমরা দুনিয়ায় ফিরে যেতে চাই অত:পর আবার (আপনার পথে) নিহত হই।’[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: তায়ালিসী ১/২৩৫ নং ১১৪৩; ইবনু আবী শাইবা ৫/৩০৮; মুসলিম, ইমারাহ ১৮৮৭; ইবনু মাজাহ, জিহাদ ২৮০১; বাইহাকী, সিয়ার ৯/১৬৩;

তিরমিযী, তাফসীর ৩০১১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মাসরূক (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82732

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন